# জেন্ডার পলিসি

দ্বিতীয় সংস্করণঃ নভেম্বর- ২০১৫


## ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

এনডিপি ভবন, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩

টেলিফোন: ০৭৫১-৬৩৮৭০-৭১, মোবাইল: ০১৭১৩ ৩৮৩ ১০০

ই- মেইল: akhan_ndp@yahoo.com, director.ndpsiraj@yahoo.com

Website:www.ndpbd.org


Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairman
National Development Programme

# সূচিপত্র



| ক্রমঃ | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| জেন্ডার পলিসি প্রথম ভাগ: | | |
| | ভূমিকা | ০৩ |
| | জেন্ডার দৃষ্টিভঙ্গি ও উদ্দেশ্য | ০৪ |
| জেন্ডার পলিসি দ্বিতীয় ভাগ: | | |
| | জেন্ডারের ধারণা | ০৫ |
| | সেক্স ও জেন্ডার | ০৫ |
| ১.০ | জেন্ডার পলিসি'র লক্ষ্য ও উদ্দেশ্য | ০৫ |
| ১.১ (ক) | জেন্ডার পলিসি'র লক্ষ্য | ০৫ |
| ১.১ (খ) | জেন্ডার পলিসি'র সুনির্দিষ্ট উদ্দেশ্য | ০৬ |
| ২.০ | জেন্ডার পলিসি'র মূলনীতি | ০৬ |
| ৩.০ | জেন্ডার পলিসি'র প্রয়োগ কৌশল ও দৃষ্টিভঙ্গি: | ০৬ |
| ৩.১ | কেন্দ্রীয় জেন্ডার কমিটি গঠন | ০৬ |
| ৩.১ (ক) | কেন্দ্রীয় জেন্ডার কমিটি গঠন প্রক্রিয়া | ০৭ |
| ৩.১ (খ) | কেন্দ্রীয় জেন্ডার কমিটি কার্যক্রম | ০৭ |
| ৩.২ | পলিসি বাস্তবায়নে অভ্যন্তরীন ও বহিঃ প্রণয়ন কৌশল | ০৭ |
| ৩.৩ | সংস্থার করণীয় | ০৮ |
| ৩.৪ | সংস্থা কর্তৃক বর্জনীয় | ০৮ |
| ৩.৫ | নারীদের দারিদ্র্যতা বিমোচনে সংস্থার করণীয় | ০৮ |
| ৩.৬ | নারীর অধিকার ও মানবাধিকার প্রতিষ্ঠায় করণীয় | ০৯ |
| ৩.৭ | জেন্ডার আচরণ বিধি | ০৯ |
| জেন্ডার পলিসি তৃতীয় ভাগ: | | |
| | সংস্থায় কর্মরত কর্মীদের জন্য করণীয়: | ১০ |
| ১.০ | নিয়োগদান | ১০ |
| ২.০ | পদোন্নতি, পোস্টিং ও বদলী | ১১ |
| ৩.০ | আর্থিক ও অন্যান্য বস্তুগত সুবিধা | ১১ |
| ৪.০ | ছুটি | ১১ |
| ৫.০ | চাকুরিচ্যুতি | ১১ |
| ৬.০ | ইতিবাচক পদক্ষেপ | ১২ |
| ৭.০ | নারীর শারিরীক প্রয়োজন বিবেচনায় | ১২ |
| ৭.১ | নারীর নিরাপত্তা বিবেচনায় | ১৩ |
| ৭.২ | নারীর প্রতি সহিংসতা বিবেচনায় | ১৩ |
| ৮.০ | উপসংহার | ১৩ |
| | জেন্ডার সংবেদনশীল অঙ্গিকার প্রত্র (সংযুক্তি-০১) | ১৪ |





Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairman
National Development Programme

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি
# জেন্ডার পলিসি
## প্রথম ভাগ

**ভূমিকাঃ**

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি একটি জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা (এনজিও)। সকলের জন্য ন্যায্য অধিকার ও সাম্যতা অর্জন এবং উন্নয়ন কর্মকান্ডে পারস্পারিক অংশগ্রহণের মাধ্যমে দারিদ্র্যতা ও শোষণমুক্ত সমাজ গঠনের প্রত্যাশা নিয়ে ১৯৯২ সনে এটি প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠাকালীন সময় পরবর্তী সংস্থাটির কলেবর অনেকাংশে বর্ধিত হয়েছে। বর্তমানে এর কর্মকান্ড ৭টি জেলায় বিস্তৃত এবং মোট জনবল সংখ্যা প্রায় সাতশ'র কাছাকাছি। বর্তমানে সংস্থার আওতাধীন ২৫টি কর্মসূচি/ প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। সংস্থার আদর্শ বাস্তবায়ন তথা মানব সম্পদ পরিচালনা ও নারীর অবস্থান সুসংহত করা তথা প্রতিটি কর্মকান্ডে নারীর সমঅংশগ্রহণ নিশ্চিতকল্পে জেন্ডার চর্চার আবশ্যকতা রয়েছে। দেশের মোট জনসংখ্যার ৫০% ভাগ নারী তাই প্রতিটি উন্নয়ন কার্যক্রমে নারীর স্বক্রিয় অংশগ্রহণ এবং সমাজে তাদেরকে মর্যাদার সাথে প্রতিষ্ঠা করা ব্যতীত জাতীয় উন্নয়ন অর্জন সম্ভবপর নয়। তাই উন্নয়ন কর্মকান্ডের সকল স্তরে নারীর সমঅধিকার প্রতিষ্ঠার মাধ্যমে সত্যিকার উন্নয়ন অর্জন সম্ভবপর। সেহেতু, সংস্থার মৌলিক দর্শন অর্জনের ক্ষেত্রে একটি আধুনিক ও গ্রহণযোগ্য জেন্ডার পলিসি আবশ্যক এবং সংস্থার প্রতিটি কর্মকান্ডে এ আদর্শ বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ প্রেক্ষিতে সংস্থার উদ্যোগে জানুয়ারি ২০০৪ খ্রীষ্টাব্দে প্রথম জেন্ডার পলিসি প্রবর্তিত হয়েছিলো। কালের প্রেক্ষাপটে এটিকে যুগোপযোগি করার আব্যশকতা দেখা দিয়েছে এবং সে প্রেক্ষিতে পূর্ববর্তী সংখ্যার ২য় সংস্করণ এটি।

'জেন্ডার সমতা ও নারী উন্নয়ন' সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যমাত্রা (এম.ডি.জি.) এর তৃতীয় লক্ষ্যমাত্রা। এছাড়াও সহস্রাব্দ লক্ষ্যমাত্রার আরও ২টি (শিক্ষা, মা ও শিশু স্বাস্থ্য) লক্ষ্যমাত্রার সাথে নারীর জীবনমান ও উন্নয়ন এবং ক্ষমতায়নের সঙ্গে সরাসরি সম্পর্কযুক্ত। জেন্ডার সমতা অর্জিত না হলে এম.ডি.জি'র লক্ষ্য পূরণ সমাজে কার্যকর কোনো ভূমিকা রাখবে না। তাই জেন্ডার সমতা অর্জন ও নারীর ক্ষমতায়নে সহস্রাব্দ লক্ষ্যমাত্রা পূরণে- তৃণমূল পর্যায়ের সাফল্যকে বিবেচনায় রেখে বিগত ২৩ বছরে এনডিপির বিভিন্ন কার্যক্রমে কর্মরত নারীদের অবস্থার উন্নয়নের লক্ষ্যে বেশ কিছু প্রকল্প গ্রহণ করেছে। বর্তমানে উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত হয়ে কিংবা গ্রামীণ দরিদ্র্য জনগোষ্ঠীর মাঝে নিবিঢ় সম্পর্ক স্থাপনের মধ্য দিয়ে তাদের আর্থ-সামাজিক উন্নয়ন কর্মকান্ডে নিয়োজিত থাকার ন্যায় কাঠোর সংকল্পে ব্রত নারী-পুরুষ উভয়ই। মোট কর্মীর প্রায় এক তৃতীয়াংশেরও অধিক নারী কর্মী রয়েছে যারা তাদের নিজ দক্ষতা, মেধা ও শ্রম দিয়ে তার যোগ্যতার প্রমাণ দিতে সক্ষম হয়েছে। সকল পর্যায়ে কাজ করার অনুকুল পরিবেশ সৃষ্টি করে দিতে পারলে সংস্থায় নারী কর্মীর সংখ্যা আরও বৃদ্ধি পাবে।

সংস্থা প্রণীত জেন্ডার পলিসিটি একান্তভাবেই সংস্থার নিজস্ব চাহিদা ও প্রয়োজন মেটাতে তৈরি করা হয়েছে। এ কথা নিঃসন্দেহে বলা যায় যে- জেন্ডার পলিসিটির যথাযথ প্রয়োগ সংস্থা এবং কর্মীগণকে লক্ষ্যমাত্রা অর্জন এবং সেই সাথে মূলনীতিসমূহ বাস্তবায়নে সহায়তা করবে। ফলে, সংস্থায় নারী-পুরুষ বৈষম্য এর বিভাজন অনেকাংশে দূরীভুত হবে যা সহস্রাব্দ লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)



Chairman
National Development Programme

## জেন্ডার দৃষ্টিভঙ্গি ও উদ্দেশ্যঃ

### দৃষ্টিভঙ্গি

সংস্থায় কর্মরত কর্মী ব্যবস্থাপনার সকল ক্ষেত্রে এবং সংস্থার লক্ষিত জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম ও প্রকল্প প্রণয়নে- জেন্ডার সমতার অন্তর্ভূক্তি বিধান, চর্চার ক্ষেত্রে সংস্থার দক্ষতা উন্নয়ন, সর্বক্ষেত্রে নারীর অধঃস্তন অবস্থানের পরিবর্তন এবং সকল কর্মীর জন্য নিরাপদ ও সম্মানজনক কর্ম পরিবেশ নিশ্চিত করা।

### উদ্দেশ্য

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম- এনডিপি'র সকল স্তরের কর্মী এবং লক্ষিত গ্রামীণ দরিদ্র্য জনগোষ্ঠী ও তাদের সংগঠনগুলোকে ক্ষমতায়ন প্রক্রিয়ায় এগিয়ে নেয়ার ক্ষেত্রে তাদের সক্ষমতা ও আস্থা সৃষ্টির সুযোগ করে দেবে এবং সচেতনতা বৃদ্ধি ও উন্নয়ন কাজে ব্যবহৃত সম্পদে প্রবেশাধিকার লাভ ত্বরান্বিত করবে।

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairman
National Development Programme

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি
# জেন্ডার পলিসি
## দ্বিতীয় ভাগ

### জেন্ডারের ধারণা:

জেন্ডার ইস্যু সম্পর্কে স্পষ্ট ধারণা থাকলে তা কর্মচারী ও দলীয় সদস্যদের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে জেন্ডার সংবেদনশীলতা ও সচেতনতা সৃষ্টিতে সহায়ক হবে। জেন্ডার শব্দটি মনস্তাত্ত্বিক বৈশিষ্ট্য থেকে নারী ও পুরুষ হিসেবে পরিচিত ব্যক্তিস্বত্ত্বার সমাজতাত্ত্বিকভাবে নিরূপিত বৈশিষ্ঠ্যগুলোকে পৃথক করে। জেন্ডার বলতে সেই বিষয়গুলোকে বুঝায় - আমরা কীভাবে চিন্তা করি, কীভাবে অনুভব করি এবং সামাজিকভাবে সংজ্ঞায়িত ধারণা অনুযায়ী পুরুষত্ব ও নারীত্বের কারণে, নারী ও পুরুষ একে অপরের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে নিজেদের অবস্থান ঠিক করি। অর্থাৎ সামাজিকভাবে সংজ্ঞায়িত ধারণা অনুযায়ী পুরুষত্ব ও নারীত্বের কারণে আমরা কোনটা করতে পারবো এবং কোনটা পারবো না বলে বিশ্বাস করি।

### সেক্স ও জেন্ডার:

মানুষের পরিচয় দুইভাবে প্রকাশ পায় এক- সমাজ নির্ধারিত বৈশিষ্ট্যের ভিত্তিতে এবং দুই হলো শারীরিক বিজ্ঞানের ভিত্তিতে। সমাজ নির্ধারিত বৈশিষ্ট্যসমূহ বোঝাতে জেন্ডার শব্দটি ব্যবহার করা হয়; আর শারীরিক বিজ্ঞানের ভিত্তিতে নির্ধারিত বৈশিষ্ট্য বোঝাতে ব্যবহৃত হয় সেক্স শব্দটি। ১৯৭০ সালে এই বিষয়টির সংজ্ঞায়ন করতে গিয়ে অ্যান ওকলে বলেন- সেক্সের সম্পর্ক হলো শারীরিকতত্ত্বের সঙ্গে, অপরদিকে জেন্ডার নারী ও পুরুষকে চিহ্নিত করে তাদের ইতিহাস ও সংস্কৃতির দ্বারা প্রভাবিত সামাজিক ও মনস্তাত্ত্বিক গঠনের ভিত্তিতে। অন্যভাবে বলতে গেলে জেন্ডার বলতে কেবল নারী ও পুরুষ বোঝায় না বরং তাদের মধ্যকার সম্পর্ক ও সমাজে তারা যে ভূমিকা পালন করে তাকেও বোঝায়। অপরদিকে সেক্স বলতে নারী ও পুরুষের শারীরিক সক্ষমতা-নির্ভর ক্রিয়াকলাপকেই বোঝানো হয়। সেক্স-নির্ভর ক্রিয়াকলাপের সহজ উদাহরণ হলো নারীর সন্তান জন্মদান ও বুকের দুধ খাওয়ানোর ক্ষমতা এবং পুরুষের গর্ভসঞ্চার করার ক্ষমতা। অপরদিকে শিশুর লালন-পালন একটি জেন্ডার-নির্ধারিত ভূমিকা। যদিও, এযাবৎকাল শিশু সেবাযত্নের কাজটি নারীরাই করে আসছে কিন্তু বাস্তবে নারী ও পুরুষ উভয়েই এই দায়িত্ব পালন করতে সক্ষম (শারীরিক ও আবেগগত উভয় দিক থেকেই)।

### ১.০ জেন্ডার পলিসি'র লক্ষ্য ও উদ্দেশ্য:

### ১.১ (ক) জেন্ডার পলিসি প্রণয়নের লক্ষ্য:

জেন্ডার পলিসির মূল লক্ষ্য হচ্ছে, এনডিপি কর্তৃক বাস্তবায়িত কর্মকান্ড পরিচালনার প্রতিটি ক্ষেত্রে জেন্ডার অনুকুল কর্ম পরিকল্পনা প্রণয়ন ও জেন্ডার আদর্শ সুরক্ষিত থাকে- সংস্থাকে এরূপ দিক নির্দেশনা প্রদানে সহায়তা করা।

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairman
National Development Programme

### ১.১ (খ) সুনির্দিষ্ট উদ্দেশ্য:

- সংস্থায় কর্মরত কর্মী ব্যবস্থাপনার সকল ক্ষেত্রে এবং সংস্থার লক্ষিত জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম ও প্রকল্প প্রণয়নে জেন্ডার সমতার অর্ন্তভূক্তি বিধান ও চর্চার ক্ষেত্রে সংস্থার দক্ষতার উন্নয়ন সাধন করা।
- সংস্থা ও কর্মসূচির সকল স্তরে নারী ও পুরুষ কর্মীদের মধ্যে সমতা নিশ্চিত করা যেখানে জেন্ডার ইস্যুগুলো বিবেচনা করা এবং উভয়ের বক্তব্য শোনা।
- সংস্থার সকল কর্মী যেন জেন্ডার সম্পর্কে সুস্পষ্ট ধারণা লাভ করে এবং এই পলিসি বাস্তবায়নে নিজ নিজ ভূমিকা পালনে সচেষ্ট থাকে তা নিশ্চিত করা।
- সকল কর্মসূচি, প্রকল্প নীতিমালায় একটি জেন্ডার-সচেতন টেকসই উন্নয়ন উদ্যোগের সমন্বয় সাধন এবং জেন্ডার সমতা ভিত্তিক ফলাফল নিশ্চিত করা।
- অভিন্ন শর্তে কাজ করার জন্য নারী ও পুরুষ উভয়ের জন্য অনুকুল পরিবেশ সৃষ্টি করা এবং জেন্ডার ও জেন্ডার-সংশ্লিষ্ট ইস্যুগুলোর প্রাতিষ্ঠানিক রুপ দেয়া।
- পলিসি বাস্তবায়নের ফলাফল এবং জেন্ডার ইস্যুর প্রেক্ষাপটে কর্মীদের কর্মতৎপরতায় কী সুফল পাওয়া যাচ্ছে তার মূল্যায়ন করার একটি টুলস/কৌশল নিশ্চিত করা।
- নারীর সামাজিক, আইনগত ও অর্থনৈতিক অবস্থার উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট সরকারি/ বেসরকারী পর্যায়ের স্থানীয় ও জাতীয় অবকাঠামোসমূহ শক্তিশালী করার ক্ষেত্রে অবদান রাখা।

## ২.০ জেন্ডার পলিসির মূলনীতি:

- জেন্ডার পলিসি এনডিপি'র প্রত্যাশা বা ভিশন এর সাথে সামঞ্জস্যপূর্ণ। এছাড়া এটি সংস্থার উন্নয়ন কার্যক্রম, প্রকল্পসমূহ এবং অভ্যন্তরীণ পলিসিসমূহের সাথেও সঙ্গতিপূর্ণ। এটি জেন্ডার সমতা নিশ্চিতকরণ , জেন্ডার বৈষম্য দূরীকরণ ও সেই সাথে নারী উন্নয়নের লক্ষ্যে সরকার কর্তৃক ঘোষিত বিভিন্ন অঙ্গীকারকে আরও সুদৃঢ় করবে।
- জেন্ডার পলিসি এনডিপি'র চাকুরী বিধিমালা এবং অন্যান্য পলিসিসমূহের পরিপুরক। এটি সংস্থার সকল কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, মনিটরিং ও মূল্যায়নের ক্ষেত্রে জেন্ডারের বিবেচ্যদিক সমূহ প্রয়োগে সহায়তা করবে।
- জেন্ডার পলিসি সংস্থার দীর্ঘ মেয়াদী কৌশলগত পরিকল্পনা প্রণয়নে জেন্ডার সমতার উপর আরোপিত গুরুত্বকে আরও জোড়দার করবে।

## ৩.০ জেন্ডার পলিসি'র প্রয়োগ কৌশল ও দৃষ্টিভঙ্গি:

### ৩.১ কেন্দ্রীয় জেন্ডার কমিটি গঠন:

এনডিপি কর্তৃক বাস্তবায়িত কর্মকান্ড পরিচালনার প্রতিটি ক্ষেত্রে জেন্ডার অনুকুল কর্ম পরিকল্পনা প্রণয়ন ও জেন্ডার আদর্শ সুরক্ষিত রাখার লক্ষ্যে প্রণয়নকৃত দিক নির্দেশনামূলক জেন্ডার পলিসি বাস্তবায়ন ও জেন্ডার উন্নয়নমূলক কর্মকান্ডসমূহের গতি ত্বরান্বিত রাখার লক্ষ্যে কেন্দ্রীয় জেন্ডার কমিটি গঠিত হবে।

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)



Chairman
National Development Programme

৩.১ (ক) কমিটির গঠন প্রক্রিয়া:

- এনডিপি কর্তৃক বাস্তবায়িত চলমান সকল প্রকল্প/ কর্মসূচি/ ইউনিট থেকে একজন করে প্রতিনিধি (নারী/পুরুষ) এই কেন্দ্রীয় কমিটি'র সদস্য হবে এবং উল্লেখিত প্রতিনিধি সংশ্লিষ্ট প্রকল্প/ কর্মসূচি/ ইউনিট এর জেন্ডার ফোকাল পার্সন হিসেবে দায়িত্ব পালন করবে।
- এনডিপি'র সম্মানিত নির্বাহী পরিচালক মহোদয় পদাধিকার বলে কেন্দ্রীয় জেন্ডার কমিটি'র আহ্বায়ক হবেন।
- প্রতিনিধিদের মধ্য থেকে ১জনকে কেন্দ্রীয় জেন্ডার কমিটি'র ফোকাল পার্সন মনোনয়ন করা হবে, যা' ২ বছর পর পর পরিবর্তনযোগ্য।

৩.১ (খ) কমিটি'র কার্যক্রম:

- সংস্থার জেন্ডার সম্পর্কিত কার্যক্রম তরান্বিত করতে দ্বিমাসিক সমন্বয় সভা পরিচালনা করা।
- সংস্থার সকল কর্মসূচি/প্রকল্প/ইউনিট পর্যায়ে জেন্ডার পলিসি প্রচার, বিতরণ প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান নিশ্চিত করা।
- সংস্থার আদর্শকে অক্ষুন্ন রেখে, অভ্যন্তরীণ কর্ম পরিবেশ ও জেন্ডার সমতা অর্জনের লক্ষ্যে নতুন নতুন উদ্যোগ গ্রহণ করা।
- সকল পর্যায়ে কর্মীদের জেন্ডার ইস্যু সম্পর্কে সচেতন করে তোলার উদ্যোগ গ্রহণ।
- জেন্ডার সমতা নিশ্চিতের লক্ষ্যে সুস্পষ্ট এ্যাডভোকেসী ভূমিকা পালন করা।
- সংস্থার জেন্ডার পলিসি বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালন করা।
- পলিসি বিরুদ্ধ কার্যক্রমকে গুরুত্বের সাথে আমলে নেয়া এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে তৎপর হওয়া।
- কমিটি ও প্রশাসন কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে অগ্রণী ভূমিকা রাখা।

৩.২ <u>পলিসি বাস্তবায়নে অভ্যন্তরীন ও বহিঃ প্রণয়ন কৌশল</u>

- জেন্ডার পলিসির কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে সংস্থা তার সকল কর্মসূচি ও কর্মশক্তির উপর একটি অভ্যন্তরীণ জেন্ডার অডিট পরিচালনা করবে। গ্রুপের সদস্যদের উপর কর্মসূচির প্রভাব এবং জেন্ডার-নির্ধারিত ভূমিকা, সম্পর্ক ও অস্তিত্ব সম্পর্কে কর্মচারীদের ধারণা, প্রবণতা ও আচরণগত পরিবর্তন ইত্যাদির মূল্যায়নের মাধ্যমে এই অডিট সম্পাদন করা হবে। এক্ষেত্রে সংস্থা'র কেন্দ্রীয় জেন্ডার কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।
- এনডিপি নারী স্বার্থবিরোধী যে কোন ঘোষণা ও পদক্ষেপের প্রতিবাদ জানাবে এবং নারীর বিরুদ্ধে শারীরিক ও মানসিক বা আবেগগত সহিংসতার অবসানে সক্রিয়ভাবে কর্মরত সংগঠনগুলোকে সমর্থন দেবে। এছাড়াও জেন্ডার ইস্যুতে অন্যান্য সংগঠনের সুষ্ঠু কার্যক্রম গ্রহণের ব্যাপারে নমনীয়তা প্রদর্শন করবে।

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairman
National Development Programme

৩.৩ <u>সংস্থার করণীয়ঃ</u>

- জেন্ডারের কারণে সৃষ্ট বিচ্ছিন্নতা থেকে মুক্ত একটি সাম্যবাদী কাজের পরিবেশ প্রতিষ্ঠা করতে এবং নারী ও পুরুষের প্রথাগত, গৎবাধা ভূমিকা পালন থেকে সরে আসবে।
- নারীর জেন্ডার সম্পর্কিত ব্যবহারিক চাহিদা ও তাদের কৌশলগত স্বার্থ রক্ষায় সংস্থা যথাযথ কৌশল ও পদ্ধতি উদ্ভাবন এবং প্রয়োজনীয় কর্মসূচি ও কর্মীর সঙ্গে সম্পর্কিত পদক্ষেপ গ্রহণ করবে।
- বিদ্যমান জেন্ডার- বৈষম্য দূরীকরণের জন্য সাময়িক পদ্ধতি/ ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করবে, যেমন- নিয়োগের ক্ষেত্রে নারীদের অগ্রাধিকার দেয়া, শিশু কেয়ার সেন্টার স্থাপন ইত্যাদি। তবে ভারসাম্যহীনতা নির্মূল হবার সঙ্গে সঙ্গে এ ধরণের সাময়িক পদ্ধতি বন্ধ করা যেতে পারে।

৩.৪ <u>সংস্থা কর্তৃক বর্জনীয়ঃ</u>

- জেন্ডার-সাম্যের নীতি উপেক্ষা করে অথবা নারীর বর্তমান অবস্থানকে হেয় বা নীচ প্রতিপন্ন করতে পারে এমন কোন কর্মসূচি/ প্রকল্প বাস্তবায়ন করা ।
- নারীর সমান অধিকার ও তাদের কাজের স্বাধীনতার ধারণায় বিশ্বাস করে না অথবা শ্রদ্ধাশীল নয় এমন কোন ব্যক্তিকে সংস্থায় নিয়োগ দেয়া।
- নারীর অধিকার প্রতিষ্ঠায় পক্ষপাতমূলক ভূমিকা পালন করা।
- নারীর প্রতি ইতিবাচক সমর্থনের প্রয়োজনে কর্মকান্ড ও উন্নয়ন উদ্যোগ অর্জনের ক্ষেত্রে নেতিবাচক ভূমিকা গ্রহণ করা।
- নারীদের ক্ষেত্রে নেতিবাচক প্রভাব সৃষ্টি করতে পারে এরূপ কার্যক্রম গ্রহণ করা।

৩.৫ <u>নারীদের দারিদ্র্যতা বিমোচনে সংস্থার করণীয় :</u>

- সংস্থা পরিচালিত ক্ষুদ্রঋণ কর্মসূচির অধীনে মহিলা অংশগ্রহণকারীদের জন্য সুবিধাজনক শর্তে ঋণলাভের সুযোগ প্রদান করা এবং তাদেরকে আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড গ্রহণে সমর্থন দেয়া।
- নারীদেরকে গৃহায়ণ ঋণদান প্রদানে সুবিধা এবং উক্ত গৃহ সম্পদাদি তাদের নামে রেজিষ্ট্রি করার নিশ্চয়তা বিধানের মাধ্যমে তাদেরকে মালিকানা স্বত্ত্ব অর্জন ও পরিবারের সম্পত্তিতে স্থায়ী প্রবেশাধিকার অর্জনে সাহায্য করা।
- সম্পদ সৃষ্ট ঋণের ক্ষেত্রে উৎপাদনশীল সম্পূরক ঋণ প্রদানে উৎসাহিত করা যাতে ঋণ গ্রহিতা নারী উদ্যোগক্তাগণ নিজেই আয় নিশ্চিতের মাধ্যমে ঋণের টাকা পরিশোধ করতে পারে।
- নারীদেরকে বাড়তি সম্পদ সৃষ্টির জন্য তাদের পরিবারিক সঞ্চয়ের অর্থ যতটা সম্ভব কার্যকরভাবে ব্যবহারে উৎসাহিত করা।
- জরুরী ত্রাণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সমাজের সবচেয়ে অসহায় নারী ও শিশুদের বিশেষ চাহিদার প্রতি গুরুত্ব আরোপ করা এবং তাদের কল্যাণ নিশ্চিত কল্পে, স্বল্প ও মধ্যমেয়াদী পুনর্বাসন কার্যক্রম পরিচালনা করা এবং একই সাথে উক্ত কার্যক্রমে নারীদের সংশ্লিষ্টতাকে উৎসাহিত করা।

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)



Chairman
National Development Programme

## ৩.৬ নারীর অধিকার ও মানবাধিকার প্রতিষ্ঠায় সংস্থার করণীয় :

- সকল কর্মসূচী ও প্রকল্প প্রণয়নকালে এর কৌশলগত পরিকল্পনার পর্যায়েই সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সঙ্গে পরামর্শের ভিত্তিতে জেন্ডার সম্পর্কিত পরিপ্রেক্ষিত একীভূত করে নেয়ার বিষয়টি নিশ্চিত করবে এবং একটি জেন্ডার-লেন্স এর ভেতর দিয়ে সকল প্রস্তাব বাছাই করার বিষয়টিও নিশ্চিত করবে। এনডিপি'র পরিকল্পনা, পর্যবেক্ষণ, মূল্যায়ন ও গবেষণা প্রতিবেদনে জেন্ডার ইস্যু, জেন্ডার বিষয়ে আলোকপাতসমৃদ্ধ বিশ্লেষণ ও জেন্ডার বৈষম্য সম্পর্কিত উপাত্ত অন্তর্ভূক্ত করা হবে।
- সম্পত্তির মালিকানা সম্পর্কিত অধিকার প্রতিষ্ঠায় নারীদের উদ্বুদ্ধকরণের লক্ষ্যে মানবাধিকার ও আইন শিক্ষা কর্মসূচি অব্যাহত রাখবে। মহিলাদের আইনগত অধিকার প্রতিষ্ঠায় কর্মরত অন্যান্য সংগঠনের সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে আইন সহায়তা কেন্দ্র স্থাপন করবে। গ্রামের অভিজাত শ্রেণীকে (বিশেষ করে গ্রামীণ সমাজের এই অংশে যে সামান্য সংখ্যক অভিজাত মহিলা রয়েছেন) তাদেরকে স্থানীয় সমাজে নারীর অধিকার প্রতিষ্টায় উৎসাহদান ও সমর্থন যোগাবে।
- নারীর প্রতি সহিংসতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং সম্ভাব্য ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত মহিলাকে আইনগত সহায়তা দেবে। নারীর প্রতি সহিংসতা, শিশুদের উপর উৎপীড়ন, নারী পাচার ও অন্যান্য দুস্কর্মের বিরুদ্ধে সম্মিলিত ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে সমিতিতে মহিলাদেরকে সামাজিক এ্যাকশন কমিটি গঠনে উৎসাহিত করবে। দলীয় সদস্যদের মধ্যে যারা যৌতুক দেয়া-নেয়া থেকে বিরত থাকবে, বিয়ের রেজিস্ট্রেশন করবে এবং তাদের মেয়েদের অপ্রাপ্ত বয়সে বিয়ে দেয়া প্রতিহত করবে; তাদের চিহ্নিত করে সমর্থন দেবে এবং প্রশংসিত করবে।

## ৩.৭ জেন্ডার আচরণ বিধি:

জেন্ডার বান্ধব একটি সংস্থা হিসেবে এনডিপি দাবি করে কর্মীগণ জেন্ডার উন্নয়ন বিষয়ক মুল্যাবোধ ধারণ করবেন এবং গ্রাহক ও সহযোগীদের কাছে এর বিশ্বাসযোগ্যতা ও সুনাম নিশ্চিত করার জন্য প্রাথমিক ভাবে গৃহীত আচরণ বিধি অনুসরণ করবেন-

- একটি সাম্যবাদী, খোলামেলা ও অংশগ্রহণমূলক কাজের পরিবেশ তৈরির বিষয়টি উৎসাহিত করবে এবং ভীতি প্রদর্শন ও থামিয়ে দেয়ার সংস্কৃতির যে কোন লক্ষণকে নিরুৎসাহিত করবে; সভাগুলোতে মহিলাদের বক্তব্য শোনা হবে এবং সিদ্ধান্ত গ্রহণে তাদের মতামত বিবেচনা করবে।
- কর্মীবৃন্দের কর্মদক্ষতার সূচকের একটি উপাদান হিসাবে জেন্ডার-সংবেদনশীলতাকে বিবেচনা করা হবে।
- নারীর কাজের স্বীকৃতিদান ও তাদের সাফল্যের প্রশংসা করবে।
- নারীর প্রতি সহিংসতামূলক যে কোন ঘটনায় যথাযথ শাস্তিমূলক ব্যবস্থাসহ কঠোর নীতি গ্রহণের মাধ্যমে হয়রানিমুক্ত ( শারীরিক, মানসিক ও যৌন) পরিবেশ নিশ্চিত করবে।
- নারীদের ক্ষেত্রে উপযোগী নয় এরূপ কাজে বাধ্য করবে না, সে ক্ষেত্রে নির্দেশ প্রদানকারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে।
- যৌন হয়রানি ও সংশ্লিষ্ট বিষয়গুলো দেখার জন্য ৩/৫ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হবে। সর্বোচ্চ ১৫ দিনের মধ্যে ঘটনার নিস্পত্তি করতে উদ্যোগ গ্রহণ করবেন। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত হয়রানির শিকার ও অভিযুক্ত উভয়কে কী ভাবে সুরক্ষা দেয়া যায় কমিটি সেই বিধিব্যবস্থা উদ্ভাবন করবে এবং পুরো প্রক্রিয়া চলাকালে এ-বিষয়ে কঠোর গোপনীয়তা রক্ষা করা হবে।
- এই জেন্ডার পলিসিতে গৃহীত ব্যবস্থাবলীর পরিপন্থি কোন কাজ করলে সংস্থার যে কোন সদস্যকে (পদ ও জ্যেষ্ঠতা নির্বিশেষে) জবাবদিহিতার আওতায় আনা হবে।

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)



Chairman
National Development Programme

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি
# জেন্ডার পলিসি
# তৃতীয় ভাগ

## সংস্থায় কর্মরত কর্মীদের জন্য করণীয়

পুরুষ সহকর্মীদের সঙ্গে সমান তালে পা ফেলে নারী কর্মীও যেন তাদের কাজ করে যেতে পারে এমন একটি ক্ষমতায়নের পরিবেশ সৃষ্টির জন্য, এনডিপি যতদিন প্রয়োজন মনে করবে ততদিন পর্যন্ত কর্মী নিয়োগ, পোস্টিং ও বদলী, অর্থনৈতিক ও অন্যান্য বস্তুগত সুবিধাবলী, ছুটি ও অব্যাহতিদান ইত্যাদি ক্ষেত্রে একটি অনুকুল পদক্ষেপ গ্রহণের নীতির প্রতি সক্রিয় সমর্থন দেবে। জেন্ডার সমতা নিশ্চিত করার লক্ষ্যে সংস্থা নারী কর্মী উন্নয়ন পলিসি, সকল কর্মকর্তা/কর্মীর জন্য এবং সম্ভাব্য ক্ষেত্রে তাদের স্ত্রী বা স্বামীদের জন্য জেন্ডার সম্পর্কিত বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করবে। যৌন হয়রানির ঘটনা, নারীদের নানাবিধ শারীরিক প্রয়োজন বিশেষ করে তাদের মাসিক ঋতুস্রাব, গর্ভধারণ ও প্রসব-উত্তর সময়ের চাহিদার দিকে লক্ষ্য রাখবে। সংস্থা মনে করে- 'যথাযথ ও সমান আচরণ নিশ্চিত করণ; নারীর অধিকার সমুন্নত করে'।

### ১.০ নিয়োগদানঃ

সংস্থার গন্ডির ভেতর জেন্ডারের ভিত্তিতে কাজের ধরাবাধা নিয়ম নির্মূলের লক্ষ্যে সাধারণভাবে পুরুষের কাজ হিসেবে বিবেচিত চাকরির জন্য নারীদের আবেদন করতে উৎসাহিত করা হবে, যেমন উর্ধ্বতন ব্যবস্থাপনা, প্রকল্প বাস্তবায়ন, হিসাব ব্যবস্থাপনা, যন্ত্রকৌশলের কাজ এবং একইভাবে পুরুষদেরকে নারীদের কাজে উৎসাহিত করা হবে। যদিও বাংলাদেশে নারীদের কাজ এখনও পাশ্চাত্যের মতো চিহ্নিত করা হয়নি, তবুও নিম্নতর স্তরের শ্রমশক্তিতে যেমন-সেক্রেটারিয়েট পদে, বেশী সংখ্যায় নারীদের আগমন ঘটলে এবং পুরুষেরা সরে পড়তে থাকলে এটি একটি ইস্যুতে পরিণত হবে।

আরও যেসব সুনির্দিষ্ট পদক্ষেপ নেয়া হবে তার মধ্যে রয়েছেঃ

- নিয়োগ বিজ্ঞপ্তিতে ''যোগ্যতা সম্পন্ন নারী পরিক্ষার্থীদের অগ্রাধিকার দেয়া হবে'' উল্লেখ করা।
- সমান সংখ্যক নারী ও পুরুষ সদস্য নিয়ে রিক্রুটমেন্ট বোর্ড গঠন।
- নারী ও পুরুষ প্রার্থীদের মধ্যে উভয়েই সমান যোগ্যতাসম্পন্ন হলে পুরুষের চেয়ে নারীকে অগ্রাধিকার দেয়া।
- সাক্ষাৎকার গ্রহণকারীরা যাতে নারী প্রার্থীদের নিরুৎসাহিত করার পরিবর্তে উৎসাহিত করেন তা নিশ্চিত করার লক্ষ্যে সাক্ষাৎকার গ্রহণ-কৌশলের উন্নয়ন সাধন, সাক্ষাৎকারকালীন নারী-বিরোধী পক্ষপাতিত্বের বিষয়টি গভীরভাবে পর্যবেক্ষণ করা।
- মোট কর্মচারীর মধ্যে নারীদের সংখ্যা বর্তমানে ৩০ শতাংশ এবং ক্রমান্বয়ে তা বাড়িয়ে ২০২০ সালে মধ্যে ৫০% ভাগে নিয়ে যাওয়ার লক্ষ্যে নারীদের নিয়োগদান ( মাঝারি ও উচ্চতর পদগুলো অন্তর্ভূক্ত )।
- নারী প্রার্থীদের জন্য সুনির্দিষ্ট কিছু পদ সংরক্ষিত রাখা।
- উচ্চতর পদে সংস্থার ভেতর থেকে অথবা বাইরের নারীদের চুক্তিভিত্তিক নিয়োগের সুযোগ দেয়া।

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairman
National Development Programme

## ২.০ পদোন্নতি, পোস্টিং ও বদলী

পোস্টিং ও বদলীর ক্ষেত্রে পুরুষ ও নারী কর্মীদের জন্য এ বিধান অনুসরণ করা হবে-

- একজন মহিলা কর্মীর পোস্টিং ও বদলীর সময় তার কর্মস্থল ও তার স্বামী/বাবা-মার বাসস্থানের অবস্থান বিবেচনা করা হবে। একইভাবে একজন পুরুষ কর্মীর বদলীর ক্ষেত্রে তার স্ত্রী'র কর্মস্থলের বিষয়টি বিবেচনায় নেয়া।
- উর্ধ্বোতন পদে অধিকসংখ্যক নারীকে পদোন্নতি দেয়ার বিষয়টি জোরালোভাবে উৎসাহিত করা।

## ৩.০ আর্থিক ও অন্যান্য বস্তুগত সুবিধা

- পদ অনুযায়ী নারী ও পুরুষ কর্মীর বেতন, বাড়িভাড়া, ভ্রমণভাতা, ইনক্রিমেন্ট, অবসরকালীণ সুবিধা, হাত খরচ, চিকিৎসা সুবিধা ইত্যাদি সমান সুযোগ পাবেন।
- মাইক্রো-ফাইন্যান্স কর্মসূচিতে কর্মরত পুরুষ কর্মীদের জন্য অফিসিয়াল আবাসন ব্যবস্থা থাকায়, নারী কর্মীদের জন্য বাড়িভাড়া বাবদ অতিরিক্ত টাকা প্রদান করা।
- মাইক্রো-ফাইন্যান্স কর্মসূচিতে কর্মরত নারী কর্মীগণ বাই সাইকেল চালিয়ে কাজ করতে আগ্রহী হলে তাকে উৎসাহ ভাতা প্রদান করা।
- অফিসের যানবাহন ব্যবহারের ক্ষেত্রে নারী কর্মীগণের অগ্রাধিকার থাকবে।
- নারী কর্মী অথবা পুরুষ কর্মীদের স্ত্রীদের গর্ভধারণের সপ্তম মাস থেকে সন্তানের জন্মদান পর্যন্ত সময়ে মেডিক্যাল চেকআপের জন্য অফিসের যানবাহন ব্যবহারের ক্ষেত্রে (নির্ধারিত অর্থের বিনিময়ে) অগ্রাধিকার থাকবে।
- পাবলিক বাহনে চলাচলের ক্ষেত্রে এলাকা ও বাহন বিবেচনায় নারী কর্মীদের জন্য ডাবল সীট ব্যবহারের সুযোগ বিবেচনায় নেবে।
- কর্ম এলাকার বাহিরে কোন কার্যক্রমে অংশগ্রহণের জন্য নারী কর্মী মনোনয়নের ক্ষেত্রে তার ছোট সন্তানের বয়স বিবেচনায় নেয়া হবে। অন্যথায় ৩ বছর বয়সের ছোট শিশুর মায়ের ক্ষেত্রে অতিরিক্ত ১ জনের খরচ বিবেচনায় নেয়া হবে।

## ৪.০ ছুটি

নারী ও পুরুষ উভয়ের জন্য মাতৃত্ব ও পিতৃত্বকালীন ছুটি ছাড়া অর্জিত ও অসুস্থ্যজনিত ছুটি গ্রহণের নিয়ম সমান।

- প্রত্যেক নারী কর্মচারী সর্বোচ্চ ১৮০ দিন (সাপ্তহিক ছুটিসহ) পর্যন্ত সবেতনে মাতৃত্বকালীন ছুটি পাবেন। প্রয়োজন অনুযায়ী বিনা বেতনে ১ মাসের ছুটি ভোগ করতে পারবে।
- শুধুমাত্র এক বিবাহে আবদ্ধ পুরুষ কর্মচারী নিজের সন্তান জম্মের সময় ০৭দিন পর্যন্ত সবেতনে পিতৃত্বকালীন ছুটি পাবেন।
- পুরো চাকরিজীবনে মাত্র দুবার মাতৃত্ব ও পিতৃত্বকালীন ছুটি মঞ্জুর করা হবে।

## ৫.০ চাকুরিচ্যুতি

- নারী-পুরুষ নির্বিশেষে যে কোন কর্মচারীকে সংস্থার চাকুরিবিধির আওতায় চাকুরিচ্যুত করা যাবে।
- কোন পুরুষ কর্মচারী কোন নারী কর্মচারীকে দৈহিক বা মানসিকভাবে লাঞ্ছিত বা ধর্ষণ করেছে বলে প্রমাণিত হলে তাকে তাৎক্ষণিকভাবে চাকরিচ্যুত করা হবে।

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairman
National Development Programme

## ৬.০ ইতিবাচক পদক্ষেপ:

## সংস্থার ভেতর নারী কর্মচারীদের অগ্রগতিতে উৎসাহিত করা ও তাদের এগিয়ে নেয়ার লক্ষ্যে ন্যাশনাল ডেভলপমেন্ট প্রোগ্রাম- এনডিপি:

- তত্ত্বধান ও ব্যবস্থাপনার ক্ষেত্রে নিজেদের ক্যারিয়ার গড়ে তুলতে নারী কর্মচারীদের উৎসাহিত করার লক্ষ্যে ব্যবস্থাপনা, যোগাযোগ ও উপস্থাপন দক্ষতা সম্পর্কিত প্রশিক্ষণের আয়োজন করবে।
- যথাযথ প্রশিক্ষণ ও সঠিক কর্মসূচির উপর গুরুত্বারোপের মাধ্যমে জেন্ডার ও উন্নয়ন বিষয়ে কর্মচারীদের উপলব্ধি জাগিয়ে তুলবে।
- নারী ও পুরুষ উভয় কর্মচারীদের সংস্থার বিভিন্ন নীতি প্রণয়ন- প্রকল্প প্রণয়ন - সিদ্ধান্ত-গ্রহণ প্রক্রিয়ার সঙ্গে সংশ্লিষ্ট জেন্ডার ইস্যুতে পরামর্শেকের ভূমিকা পালনে উৎসহিত করবে।
- সংস্থায় কর্মরত সকল পর্যায়ের শুধু মাত্র নারী কর্মীদের অংশগ্রহণে বাৎসরিক 'নারী সম্মেলন' শীর্ষক কর্মশালার মাধ্যমে জেন্ডার ইস্যুতে নারীদের মধ্যে সংলাপ অনুষ্ঠানের সুযোগ সৃষ্টি করবে।
- জেন্ডার কেন্দ্রীয় কমিটি'র সদস্যদের জন্য (সর্বনিম্ন ৫ সদস্য) বাৎসরিক শিক্ষা ভ্রমণের আয়োজন করবে (যে সকল সংস্থা জেন্ডার সম্পর্কে সুব্যবস্থা গ্রহণ করেছে এবং জেন্ডার-ভিত্তিক ভূমিকার নমুনা হিসাবে ব্যবহার করছে, সে সকল সংস্থার অফিস ও কার্যক্রম পর্যবেক্ষণ করা)।
- সকল প্রশিক্ষণ কর্মসূচীতে জেন্ডার সম্পর্কিত পরিপ্রেক্ষিত সম্পৃক্ত করবে।
- কেন্দ্রীয় জেন্ডার কেন্দ্রীয় কমিটি কর্তৃক অনুমোদিত সুনির্দিষ্ট ৮টি ঘোষণাসমৃদ্ধ 'জেন্ডার সংবেদনশীল অঙ্গীকার' (সংযোজনি-১) পত্রে সকল কর্মীর স্বাক্ষর নিশ্চিত করবে এবং ব্যক্তিগত ফাইলে সংরক্ষণ করবে।
- প্রশিক্ষণ ও উন্নয়ন সম্পর্কিত বিভিন্ন উদ্যোগে মহিলা কর্মচারীদের অগ্রাধিকার দেবে।
- কর্মচারীদের পরিবারবর্গ যাতে নারী উন্নয়নের সুফল সম্পর্কে নিজেরাই অভিজ্ঞতা অর্জন করতে পারেন সেজন্য কর্মচারীদের স্বামী বা স্ত্রীদেরকে জেন্ডার-সচেতনতা বৃদ্ধি ও আইন-শিক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের সুযোগ দেবে।
- নারী কর্মচারীদেরকে নতুন নতুন কাজের দায়িত্বভার গ্রহণ ও নতুন নতুন চ্যালেঞ্জ মোকবেলার মাধ্যমে এনডিপি কে সমৃদ্ধ করার ব্যাপারে উৎসাহিত করা হবে।
- সকল কর্মচারীদের মধ্যে জেন্ডার-সচেতনতা ও সংবেদনশীলতা প্রত্যাশা করা হবে।
- চাহিদা ভিত্তিক শিশুর দিবা যত্নের জন্য আলাদা কক্ষের বরাদ্দ থাকবে।

## ৭.০ নারীদের শারীরিক প্রয়োজন বিবেচনায়:

মহিলাদের নানাবিধ শারীরিক প্রয়োজন স্বীকার করে সম্ভাব্য ক্ষেত্রে:

- মহিলা ও পুরুষ কর্মচারীদের জন্য পৃথক টয়লেটের ব্যবস্থা করবে।
- মাসিক ঋতুস্রাব, গর্ভধারণ ও সন্তান জন্মদানের পর নারী কর্মচারীদের চলাফেরার সীমাবদ্ধতা বিবেচনা করবে।
- নারী কর্মচারীদের সন্তান জন্মদানের পর ছয় মাস পর্যন্ত শিশুকে নিয়ে অফিসিয়াল দায়িত্ব পালনের সুযোগ এবং বাচ্চাকে বুকের দুধ খাওয়ানোর জন্য অতিরিক্ত ২ বার বা ৩০ মিনিটের কর্মবিরতি দেয়া হবে।
- গর্ভধারণকাল থেকে সন্তান জন্মদানের পর ৬ মাস অতিক্রান্ত না হওয়া পর্যন্ত নারী কর্মীকে তার কর্মস্থল থেকে অন্যত্র বদলী না করার বিষয়টি বিবেচনায় নেবে।
- নারী কর্মীদের জন্য আলাদা নামাজ ও কমন রুমের ব্যবস্থা করবে।



Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairman
National Development Programme

## ৭.১ নারীদের ব্যক্তিগত নিরাপত্তা বিবেচনায়:

কার্যক্ষেত্রে, ভ্রমণকালে অথবা বাংলাদেশে একাকী বসবাস করতে গিয়ে নারীরা যে ক্রমবর্ধমান বিপদের মখোমুখি হচ্ছেন তা থেকে নারী কর্মীদের রক্ষার জন্য-

- নারী কর্মীদের রাতের বেলা ভ্রমণ ও কাজ নীরুৎসাহিত করবে বা বিশেষ প্রয়োজনে নিরাপত্তা নিশ্চিত করবে।
- গর্ভধারণ, প্রসবোত্তর ও বাচ্চাকে বুকের দুধ খাওয়ানোর সময়কালে নারী কর্মীদের প্রতি নমনীয়তা প্রদর্শন করবে।
- যৌন হয়রানী দূর করবে এবং নারীদের নিজস্ব মতামত তুলে ধরার ব্যাপারে সোচ্চার হতে সহায়তা করবে (সোচ্চার হওয়ার সঙ্গে সঙ্গে হয়রানি আরো বাড়তে পারে-এ-বিষয়ে সচেতন থাকতে হবে)।

## ৭.২ নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে:

নারীর প্রতি সহিংসতা ও যৌন হয়রানীমূলক (যৌন আবেদনময় যে কোন অবাঞ্ছিত শব্দ বা কাজ, যেমন শারীরিক স্পর্শ- যৌন ইঙ্গিত- যৌন নেতিবাচক উক্তি সবই যৌন হয়রানির আওতায় পড়ে) আচরণ ও ঘটনা প্রতিরোধ ও প্রতিবাদে এনডিপি তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করবে ।

সহিংসতা ও যৌন হয়রানির শিকার হলে যা করতে হবে:

- কোন কাজ বা শব্দ যৌন হয়রানির পর্যায়ে পড়ে বলে সন্দেহ হলে আপনার সহকর্মী, উর্ধ্বতন কর্মকর্তা বা জেন্ডার ফোকাল পারসনের সঙ্গে আলোচনা করা।
- সুপারভাইজারের কাছে (সুপারভাইজার নিজেই যদি হয়রানি করে থাকে তাহলে কোন সিনিয়র অফিসারের কাছে) অথবা জেন্ডার ফোকাল পারসনের কাছে সরাসরি লিখিত অভিযোগ করা।
- অভিযোগের ব্যাপারে সহানুভুতি, দক্ষতা ও দ্রুততার (সর্বোচ্চ ১৫ দিনের মধ্যে) সঙ্গে ব্যবস্থা নেয়া হবে বলে প্রত্যাশা রাখা।

## ৮.০ উপসংহার:

সংস্থা উল্লেখিত বিধিমালা মেনে চলতে অঙ্গীকারাবদ্ধ। আশা করা হচ্ছে- বর্ণিত বিধিমালা সকল স্তরের কর্মীগণকে অবহিতকরণ নিশ্চিত করা ও এর বাস্তবায়ন বা চর্চার মাধ্যমে সংস্থায় নারী-পুরুষ বৈষম্য অনেকাংশে হ্রাস পাবে। কর্মীগণ জেন্ডার বান্ধব কর্ম পরিবেশে কাজের সুযোগ পাবে এবং নিজ নিজ যোগ্যতা ও দক্ষতা প্রদর্শনের মাধ্যমে সংস্থার সার্বিক লক্ষ্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

শেষ

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairman
National Development Programme

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

এনডিপি ভবন, বাগবাড়ি, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ

## জেন্ডার সংবেদনশীল অঙ্গীকার পত্র

**আমি নিম্ন স্বাক্ষরকারী এই মর্মে অঙ্গীকার প্রদান করছি যে,**

১. আমি পরিবারে ছেলে মেয়ের সমতা বিধানে সচেষ্ট থাকবো;

২. আমি পরিবারে ও কর্মক্ষেত্রে নারীর প্রতি সহনাভূতিশীল হবো;

৩. আমি অন্যের প্রতি অবমাননাকর কোন উক্তি, আচরণ, তৎপরতা বা কৌশল গ্রহণ করবো না;

৪. আমি বাসে, ট্রেনে, লঞ্চে ইত্যাদি যানবাহনে ভ্রমণকালে নারী ও বয়স্কদের আসন প্রাপ্তীর বিষয়ে সচেতন থাকবো;

৫. আমি নারীর প্রতি সর্বদা ইতিবাচক মনোভাব প্রদর্শন করবো;

৬. যে কোন অসম্মানজনক ঘটনার প্রতিবাদে সহযোগিতার হাত বাড়িয়ে দিবো;

৭. নারীর প্রতি অসম্মানজনক ঘটনায় সর্বদা অপরাধীর বিপক্ষে অবস্থান করবো;

৮. নারী পুরুষের সমতা রক্ষায় পরিবার ও কর্মক্ষেত্রে অন্যদের উৎসাহিত করবো;

**এনডিপি'র এই উদ্যোগে আমি স্বতঃফূর্তভাবে আমার সমর্থন ব্যক্ত করছি।**

স্বাক্ষর: নাম:

পদবী: প্রকল্প:

তারিখ: মোবাইল নম্বর:

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairman
National Development Programme